

মুখ্যমন্ত্রীর কাছে পাঠানো হল মিষ্টানের ৩২ ধরনের নমুনা

বাজারে আসছে ‘সুন্দরিনী’র খাঁটি মিষ্টি

তাপস প্রামাণিক

দেশি গোরুর খাঁটি দুধ উৎপাদন করে কয়েক মাস আগে গুজরাট থেকে সেরার মুকুট ছিনিয়ে এনেছিল রাজ্যের দুগ্ধ সমবায় ‘সুন্দরিনী’। সেই সাফল্যকে হাতিয়ার করে এ বার মিষ্টির বাজার দখল করতে বাঁপাচ্ছে তারা। এ ক্ষেত্রে তাদের ভরসা খাঁটি গোরুর দুধে তৈরি বিশুদ্ধ মিষ্টি।

নবান্ন সূত্রের খবর, দু’এক দিনের মধ্যেই বাজারে আসতে চলেছে এই মিষ্টি। তার আগে সেই মিষ্টির গুনাগুন যাচাইয়ের জন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে নমুনা

পাঠানো হয়েছে। প্রশাসনিক বৈঠক এবং গঙ্গাসাগর মেলা পরিদর্শনের জন্য মুখ্যমন্ত্রী বর্তমানে গঙ্গাসাগরে রয়েছেন। বৃহস্পতিবার প্যাকেট-বন্দি করে মুখ্যমন্ত্রীর কাছে মোট ৩২ ধরনের মিষ্টির নমুনা পাঠানো হয়েছে। তার মধ্যে রয়েছে সীতাভোগ, কেসর চমচম, মনোহরা, লালমোহন, ইলাচি পোঁড়া, ভাপা সন্দেশ, মাধুরী এবং বেকড সন্দেশ। মুখ্যমন্ত্রীর সবুজ সঙ্কেত মিললেই বাজারে আসতে শুরু করবে সুন্দরিনী ব্র্যান্ডের মিষ্টি। যার নামকরণ করেছেন স্বয়ং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ই।

এই প্রকল্পের সঙ্গে যুক্ত সরকারি আধিকারিকরা জানিয়েছেন, সুন্দরিনী

ব্র্যান্ডের মোট ৫০ ধরনের মিষ্টি বাজারে ছাড়া হবে। প্রাথমিক ভাবে প্রাণিসম্পদ দপ্তরের পরিচালনাধীন হরিনঘাটা মিটের স্টল থেকে এই মিষ্টি কিনতে পাওয়া যাবে। সমবায়িকার স্টলেও পাওয়া যাবে। আলিপুরে জেলাশাসকের অফিস চত্বরে সুন্দরিনীর যে নিজস্ব স্টল রয়েছে, সেখানেও এই মিষ্টি পাওয়া যাবে। অদূর ভবিষ্যতে সুন্দরিনী নামে রাজ্যের বিভিন্ন প্রান্তে মিষ্টির আউটলেট খোলা হবে। তার জন্য কাগজে বিজ্ঞাপন দিয়ে ফ্যাঞ্চাইজিও খোঁজা হবে। এতে কয়েক হাজার মানুষের কর্মসংস্থান হবে বলেও দাবি সরকারি কর্তাদের।

সুন্দরবনের প্রত্যন্ত দ্বীপের

মহিলাদের স্বনির্ভর করার লক্ষ্যে বেশ কয়েক বছর আগে গঠিত হয়েছিল সুন্দরবন মিল্ক কো-অপারেটিভ। ২০১৫ সালে মুখ্যমন্ত্রী তার নামকরণ করেন সুন্দরিনী ন্যাচারালস। দেশি গোরুর দুধ ছাড়াও তাদের উৎপাদিত ঘি এবং মধু ইতিমধ্যেই যথেষ্ট সুনাম কুড়িয়েছে। সেখান থেকে আরও এক ধাপ এগিয়ে এ বার মিষ্টির বাজারেও আসছে তারা।

সংস্থার ম্যানেজিং ডিরেক্টর অম্বিকাপ্রসাদ মিশ্র আশ্বাস দিয়েছেন, ‘সুন্দরিনী’র মিষ্টি খাঁটি গোরুর দুধে তৈরি হলেও তার দাম মধ্যবিত্তের নাগালের মধ্যেই থাকবে। ১০-৩০ টাকা দামে এই মিষ্টি পাওয়া যাবে।’

সুন্দরিনী-র মিষ্টির বৈশিষ্ট্য

- ▶ সমস্ত মিষ্টি খাঁটি গোরুর দুধে তৈরি
- ▶ সালফার-মুক্ত চিনির ব্যবহার
- ▶ কেমিক্যালের বদলে অগানিক রং
- ▶ মিষ্টির ন্যাচারাল ফ্লেভার
- ▶ মিষ্টি মজুতে রাসায়নিক নয়

স্পেশাল পদ

- ▶ আঞ্জিরচক্র (অঞ্জির, খোয়া, কোকোয়া)
- ▶ অরেঞ্জ-ই-বাংলা (অরেঞ্জ, খোয়া, কেসর)
- ▶ কিউই ডিলাইট (কিউই ফ্রুইট এবং চেম্বা)
- ▶ ফ্রুইট ডিলাইট (মোয়া, খোয়া এবং বিভিন্ন ধরনের ফল ও বাটার স্কচ)
- ▶ সুন্দরিনী সন্দেশ (ইলাচি এবং কেসর ফ্লেভার)

